**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৬৫/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২০ ফেব্রুয়ারি ২০১৮, ৮ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সাধারণ মানুষের স্বাস্থ্যসেবাকে অগ্রাধিকার দিতে হবে : বিএসএমএমইউ'র সমাবর্তনে রাষ্ট্রপতি

২। সংবিধান অনুযায়ীই নির্বাচন অনুষ্ঠিত হবে : সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। সুষ্ঠুভাবে সংসদ নির্বাচন অনুষ্ঠানে প্রস্তুতি নিন : আনসার ও ভিডিপি সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী

৪। জনগণ চাইলে পরীক্ষায় এমসিকিউ থাকবে না : প্রধানমন্ত্রী

৫। মর্যাদার সঙ্গেই রোহিঙ্গাদের ফেরত নিতে হবে : জাতিসংঘের আবাসিক সমন্বয়ক-বাণিজ্যমন্ত্রী বৈঠক

৬। দেশে ১ হাজার ৮৪৭ জনের জন্য একজন রেজিস্টার্ড ডাক্তার : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৭। ভারতের সঙ্গে সমস্যার অবশ্যই সমাধান করতে হবে : মিডিয়া ডায়ালগে তথ্যমন্ত্রী

৮। ফোরজি যুগে প্রবেশ করলো বাংলাদেশ

৯। শহীদ মিনার ঘিরে নেওয়া হবে চার স্তরের নিরাপত্তা : ডিএমপি কমিশনার

১০। খালেদা জিয়ার নির্বাচনে অংশগ্রহণ আদালতের সিদ্ধান্তের ওপর নির্ভর করছে : সিইসি

১১। চলতি বছর থেকে প্রাথমিক সমাপনীতে শতভাগ সৃজনশীল প্রশ্নে পরীক্ষা

১২। চলতি বছরের ৩১ আগস্টের মধ্যে ১৩৯ হাজতির বিচার নিষ্পত্তির জন্য হাইকোর্টের নির্দেশ

চলমান পাতা-২

**১। সাধারণ মানুষের স্বাস্থ্যসেবাকে অগ্রাধিকার দিতে হবে : বিএসএমএমইউ'র সমাবর্তনে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা প্রদানে সর্বোচ্চ পেশাদারিত্ব এবং অগ্রাধিকার দিয়ে কাজ করার জন্য চিকিৎসক ও সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, চিকিৎসা প্রদানের সময় জনগণের সক্ষমতা বিবেচনায় রাখতে হবে। যাতে কোনো রোগী অর্থাভাবে চিকিৎসাসেবা থেকে বঞ্চিত না হয়। রাষ্ট্রপতি গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর শাহবাগে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.২)।

**২। সংবিধান অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে : সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী জাতীয় নির্বাচন সংবিধান অনুযায়ী অনুষ্ঠিত হবে। এবারও যদি কোনো দল নির্বাচনে অংশ না নেয়, তাতেও নির্বাচন যথাসময়ে অনুষ্ঠিত হবে। এদেশ বহুদলীয় গণতন্ত্রের দেশ। কোন দল অংশ নেবে, কোন দল নেবে না, সেটা তাদের সিদ্ধান্ত। আমাদের এ বিষয়ে কিছু করার নেই। ইতালি সফর নিয়ে গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) গণভবনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**যুগান্তর, জনকণ্ঠ, সমকাল, ইত্তেফাক, ডেইলি স্টার, অবজারভার, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। সুষ্ঠুভাবে সংসদ নির্বাচন অনুষ্ঠানে প্রস্তুতি নিন : আনসার ও ভিডিপি সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানে আনসার ও ভিডিপি সদস্যদের প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, বর্তমান সরকার চায় জাতীয় নির্বাচন আরও সমৃদ্ধ হোক। ভোটের অধিকার জনগণের মৌলিক অধিকার। সেটা যেন তারা যথাযথভাবে প্রয়োগ করতে পারে। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) গাজীপুরের সফিপুরে বাংলাদেশ আনসার একাডেমিতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩৮তম জাতীয় সমাবেশে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (পৃ.৪,ক.২)।

**৪। জনগণ চাইলে পরীক্ষায় এমসিকিউ থাকবে না : প্রধানমন্ত্রী**

পরীক্ষা পদ্ধতিতে জনগণ চাইলে এমসিকিউ রাখা হবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) গণভবনে সাংবাদিক সম্মেলনে প্রশ্নপত্র ফাঁস নিয়ে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, আমরাও চাই না এভাবে প্রশ্ন ফাঁস হোক, বদনাম হোক। জনমত গড়ে তুললে আমরা পরীক্ষায় এমসিকিউ বন্ধ করে দেব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৫। মর্যাদার সঙ্গেই রোহিঙ্গাদের ফেরত নিতে হবে : জাতিসংঘের আবাসিক সমন্বয়ক-বাণিজ্যমন্ত্রী বৈঠক**

অল্প কিছু দিনের মধ্যে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হতে যাচ্ছে বাংলাদেশ। জাতিসংঘের আবাসিক সমন্বয়ক এবং ইউএনডিপির আবাসিক প্রতিনিধি মিয়া সিপ্পো এমন সুখবরের প্রসঙ্গ টেনে বাংলাদেশকে আগাম অভিনন্দন জানিয়েছেন। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশ যে সমস্যায় পড়েছে, তার সমাধানে জাতিসংঘের একাত্মতার কথা জানিয়ে তিনি বলেন, বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের মর্যাদার সঙ্গেই নিজ দেশে ফিরিয়ে নিতে হবে মিয়ানমারকে। এ নিয়ে গুরুত্বসহকারে কাজ করছে জাতিসংঘ। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের সঙ্গে এক বৈঠককে মিয়া সিপ্পো এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, মানবিক কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের শুধু আশ্রয়ই দেননি, আপদকালীন বাসস্থান, নিরাপত্তা ও খাদ্যসহ মানবিক মৌলিক অধিকারও নিশ্চিত করতে প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৬। দেশে ১ হাজার ৮৪৭ জনের জন্য একজন রেজিস্টার্ড ডাক্তার : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সংসদকে জানিয়েছেন, দেশের প্রতি এক হাজার ৮৪৭ জন মানুষের জন্য একজন রেজিস্টার্ড চিকিৎসক রয়েছেন। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী বলেন, সারা দেশের হাসপাতালগুলোতে শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান রয়েছে। এর অংশ হিসেবে বর্তমানে পাঁচ হাজার নতুন ডাক্তার নিয়োগের কার্যক্রম চলমান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**৭। ভারতের সঙ্গে সমস্যার অবশ্যই সমাধান করতে হবে : মিডিয়া ডায়ালগে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বাংলাদেশ-ভারত ঐতিহাসিকভাবে বন্ধুরাষ্ট্র। প্রতিবেশী রাষ্ট্র হিসেবে বাণিজ্য, পানি ও সীমান্ত নিয়ে কিছু দ্বিপক্ষীয় সমস্যা রয়েছে। দু'দেশের কোনো সমস্যাই ঝুলিয়ে রাখা যাবে না। এগুলোর অবশ্যই সমাধান করতে হবে। তিন দিনব্যাপী বাংলাদেশ-ভারত মিডিয়া ডায়ালগ-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইনস্টিটিউট অব কনফ্লিক্ট, ল' অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ নামের একটি থিঙ্কট্যাঙ্কের উদ্যোগে গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর হোটেল র‍্যাডিসন ব্লুতে এ ডায়ালগ শুরু হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

**৮। ফোরজি যুগে প্রবেশ করলো বাংলাদেশ**

বহুল প্রতীক্ষিত চতুর্থ প্রজন্মের (ফোরজি) দ্রুতগতির ইন্টারনেট পরিসেবার যুগে পা দিয়েছে দেশ। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) ঢাকা ক্লাবে টেলিটক, গ্রামীণফোন, রবি এবং বাংলালিংকের কাছে আনুষ্ঠানিকভাবে ফোরজি সেবার লাইসেন্স হস্তান্তর করে টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন। প্রথমে ঢাকা, চট্টগ্রামের মতো বড় বিভাগীয় শহরের গ্রাহকরা এ সুবিধা পাচ্ছেন। তবে লাইসেন্স পেলেও রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটক জানিয়েছে, প্রস্তুতিশেষে তারা এ সেবা চালু করবে। এদিকে ফোরজি সেবা চালুর শুরুতেই জাতীয় রাজস্ব বোর্ড গতকাল সোমবার থেকে টেলিযোগাযোগ খাতে সব ধরনের ফি'র ওপর ভ্যাট ১৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করেছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৯। শহীদ মিনার ঘিরে নেওয়া হবে চার স্তরের নিরাপত্তা : ডিএমপি কমিশনার**

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার ঘিরে চার স্তরের নিরাপত্তাব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটান পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে ডিএমপি নিরাপত্তাব্যবস্থা পরিদর্শনশেষে শহীদ মিনারের সামনে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। তিনি জানান, শহীদ মিনার ও তার আশপাশে স্থাপন করা হয়েছে বিপুলসংখ্যক সিসিটিভি ক্যামেরা। শহীদ মিনার ও আশপাশের এলাকায় ডগ স্কোয়াড ব্যবহার করে নিরাপত্তা তল্লাশি করা হবে। সাদা পোশাকে ও ইউনিফর্মে পর্যাপ্তসংখ্যক পুলিশসদস্য নিয়োজিত থাকবে। শহীদ মিনার এলাকায় প্রবেশের পূর্বে প্রত্যেককে একাধিক আর্চওয়ে ও মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি করে প্রবেশ করতে দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**১০ । খালেদা জিয়ার নির্বাচনে অংশগ্রহণ আদালতের সিদ্ধান্তের ওপর নির্ভর করছে : সিইসি**

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, বর্তমান অবস্থায় বেগম খালেদা জিয়া নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্য নন। তাঁর নির্বাচনে অংশ নেওয়ার বিষয়টি উচ্চ আদালতের সিদ্ধান্তের ওপর নির্ভর করবে। সিইসি বলেন, বেগম খালেদা জিয়া যদি আপিল করেন এবং আদালত যদি তাঁকে নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত দেয়, তবে সেক্ষেত্রে তিনি নির্বাচনে অংশ নিতে পারবেন। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সিইসি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**১১। চলতি বছর থেকে প্রাথমিক সমাপনীতে শতভাগ সৃজনশীল প্রশ্নে পরীক্ষা**

এবার থেকে শতভাগ যোগ্যতাভিত্তিক বা সৃজনশীল প্রশ্নে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী পরীক্ষা নেওয়া হবে। ২০১৮ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন জাতীয় কর্মশালার মাধ্যমে চূড়ান্ত করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গতকাল (১৯ ফেব্রুয়ারি সোমবার) এ

সংক্রান্ত আদেশ জারি করেছে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**১২। চলতি বছরের ৩১ আগস্টের মধ্যে ১৩৯ হাজতির বিচার নিষ্পত্তির জন্য হাইকোর্টের নির্দেশ**

বিচারের দীর্ঘসূত্রতা বা বিলম্বে বিচারের কারণে দীর্ঘ ৭ বছরের ঊর্ধ্বে দেশের ৬৮ কারাগারে **১৩৯** হাজতির বিচার **৩১** আগস্টের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে এ নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি জানিয়ে সুপ্রিমকোর্টের মনিটরিং কমিটির কাছে সংশ্লিষ্ট বিচারকদের প্রতিবেদন দিতে বলা হয়েছে। সুপ্রিমকোর্ট লিগ্যাল এইডের প্যানেল আইনজীবী কুমার দেবুল দে **১৩৯** কারাবন্দীর বিষয়টি নজরে আনলে বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি সহিদুল করিমের বেঞ্চ স্বতঃপ্রণোদিত হয়ে এ আদেশ দেয়। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** প্রাথমিক শিক্ষা অধিদফতরের প্রতিবেদনে দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ৩৭ শতাংশ নাজুক অবস্থার মধ্যে থাকার তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**খ.** **জনকণ্ঠ, ইত্তেফাক :** দেশের ১৮ শতাংশ গর্ভবতী মা অপুষ্টির শিকার জাতীয় পুষ্টি পরিকল্পনার চূড়ান্ত খসড়ায় এ তথ্য উঠে আসার কথা উল্লেখ করে অপুষ্টি রোধে অজ্ঞতা রোধ করা জরুরি বলে মতপ্রকাশ।

**গ.** **যুগান্তর :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র চায়ের বহুমুখী ব্যবহার ও গুণগত মানোন্নয়নে গবেষণা আরও জোরদার করতে চা গবেষণা ইনস্টিটিউটকে নির্দেশ দেওয়ার কথা উল্লেখ করে তা যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঘ.** **প্রথম আলো :** নড়াইল সদরের মরা চিত্রা খালের ওপর পাকা সেতু না থাকায় সদরের দু'টি ইউনিয়নের প্রায় ২৫ হাজার মানুষ জীবনের ঝুঁকি নিয়ে নড়বড়ে বাঁশের সাঁকোয় পারাপার হচ্ছে উল্লেখ করে সারাদেশে এ ধরনের প্রয়োজনীয় পাকা সেতু নির্মাণের ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** ইটভাটাগুলোতে ভূ-উপরিস্থ মাটি ব্যবহারের ফলে কৃষি জমির উর্বরা শক্তি কমে গিয়ে খাদ্য উৎপাদন ব্যাহত ও মাটির পরিবেশ দূষিত হওয়ার পরিপ্রেক্ষিতে কৃষি অধিদপ্তরের মাঠ কর্মকর্তাদের কৃষকদের সাথে এ বিষয়ে নিয়মিত মিটিং করার সুপারিশ।

**চ.** **ডেইলি স্টার, নিউ নেশন, যায়যায়দিন, ভোরের কাগজ :** ঢাকা-লন্ডন রুটে কার্গো পরিবহণে লন্ডনের নিষেধাজ্ঞা প্রত্যাহারে স্বস্তি প্রকাশ করে বিমানবন্দরের কঠোর নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান।

**ছ.** **নিউজ টুডে :** চিকিৎসার বাইরে থাকা যক্ষারোগীদের চিহ্নিত করে চিকিৎসার আওতায় এনে দেশ থেকে যক্ষা নির্মূলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**জ.** **নিউ এজ :** রাজধানীর ৯০ শতাংশ বিল্ডিং রাজউকের সঠিক অনুমোদনের বাইরে নির্মিত হওয়ায় এসব ঝুঁকিপূর্ণ ভবনগুলোকে নিরাপদ ও বাসযোগ্য করতে যথাযথ কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা।

**ঝ.** **নিউ নেশন, ডেইলি স্টার :** পুলিশ প্রশাসনে পোস্টিং ও বদলিতে গোপন ঘুষ-বাণিজ্যের বিষয় তুলে ধরে ঘটনা আরো খারাপ হওয়ার আগেই অতিদ্রুত তা নিয়ন্ত্রণে আনার সুপারিশ।

**ঞ.** **এশিয়ান এজ, প্রথম আলো :** বিমানবন্দরের সব নিরাপত্তা ব্যবস্থাকে বিঘ্নিত করে পুলিশ সদস্যের বিমানে উঠে পড়ার ঘটনায় দায়ী পুলিশ সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষার লক্ষ্য সঠিকভাবে নির্ধারিত হলে মানোন্নয়নের জন্য করণীয় নির্ধারণ সহজ হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সবজি উৎপাদনে গ্রামীণ নারী'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পুরুষের সাথে পাল্লা দিয়ে নারীরাও কৃষিকাজ তথা শাক-সবজি উৎপাদনে অবদান রাখছে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা